# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 15.06.2024 Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) ভোট পরবর্তী সন্ত্রাসের পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্যে আসছে বিজেপির কেন্দ্রীয় প্রতিনিধি দল।

আদালতের নির্দেশ মত আগামীকাল ঘরছাড়াদের নিয়ে ফের রাজভবনে যাচ্ছেন বিরোধী দলনেতা।

২) গ্রামীণ স্বাস্থ্য পরিকাঠামোর মানোন্নয়নে বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় রাজ্য সরকার, ৪ হাজার কোটি টাকা বিনিয়োগ করবে।

কলকাতার বিভিন্ন প্রান্তে থাকা জরাজীর্ণ সেতুগুলির সংস্কারের কাজও শুরু হচ্ছে।

৩) দক্ষিণবঙ্গে বর্ষার অগ্রগতির অনুকুল পরিস্থিতি তৈরি হয়েছে। উত্তরবঙ্গে বন্যা পরিস্থিতি উদ্বেগজনক।

৪) কলকাতার চলচ্চিত্র প্রেমীরা এখন শহরেই মুম্বই চলচ্চিত্র উৎসবে অংশগ্রহণের সুযোগ পাচ্ছেন।

---

রাজ্যে ভোট পরবর্তী সন্ত্রাসের পরিস্থিতি খতিয়ে দেখতে বিজেপির কেন্দ্রীয় প্রতিনিধি দল আগামী সোমবার রাজ্যে আসছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে

দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, দলের নেতৃত্ব দেবেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী সাংসদ বিপ্লব কুমার দেব। অন্য সদস্যরা হলেন রবিশঙ্কর প্রসাদ, ব্রিজ লাল, কবিতা পাতিদার।

নির্বাচন পরবর্তী সন্ত্রাসে আক্রান্ত বিজেপি কর্মীদের সঙ্গে কথা বলতে আজ কোচবিহারে যান রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি। কোচবিহার জেলা পার্টি অফিসে আশ্রয় নেওয়া বিজেপি কর্মীদের সঙ্গে কথা বলেন তিনি। দল সবসময় তাদের পাশে রয়েছে বলে আশ্বাস দিয়েছেন বিরোধী দলনেতা। আদালতের নির্দেশ মত আগামীকাল তিনি ফের ঘরছাড়াদের নিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করতে যাবেন বলে শুভেন্দুবাবু জানিয়েছেন।

বাইট

ইভিএম-এ পরিবর্তন করে কোচবিহারে বিজেপিকে হারানো হয়েছে বলেও শুভেন্দু বাবু অভিযোগ করেন।

এদিকে, ভোট পরবর্তী হিংসায় ডায়মন্ড হারবার লোকসভায় বেশ কিছু মানুষ ঘড়ছাড়া বলে অভিযোগ করেছেন সেখানকার পরাজিত বিজেপি প্রার্থী অভিজিত দাস ববি। বিজেপির বরিষ্ঠ নেতা দিলীপ ঘোষ আজ আমতলার মঞ্জুশ্রী ভিলায় ঘরছাড়াদের সঙ্গে দেখা করতে যান। জেলা নেতৃত্বের সঙ্গেও বেশ কিছুক্ষণ কথা বলেন তিনি।

----------------------

রাজ্যে বিজেপির প্রতিনিধি দলের আগমনকে কটাক্ষ করেছেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, রাজ্যে বিজেপি হেরে যাওয়ার পর মুখ রক্ষা করতেই এই দল পাঠানো হচ্ছে।

বাইট

এদিকে প্রদেশ কংগ্রেস মুখপাত্র সৌম্য আইচ রায় বলেন, রাজ্যে ভোট পরবর্তী এলাকা দখলের লড়াই চলেছে। এই সন্ত্রাস কবে বন্ধ হবে, সেই প্রশ্ন তোলেন সৌম্যবাবু।

----------------------

লোকসভা নির্বাচনের ফলাফল পর্যালোচনায় আজ বৈঠকে বসেছে রাজ্য বিজেপি কোর কমিটি। বৈঠকে যোগ দিয়েছেন, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। ২৪ জন সদস্যই শীর্ষ কমিটির এই বৈঠকে আছেন বলে সূত্রের খবর।

----------------------

গ্রামীণ স্বাস্থ্য পরিকাঠামোর মানোন্নয়নে রাজ্য সরকার বিশ্বব্যাঙ্কের সহায়তায় ৪ হাজার কোটি টাকা বিনিয়োগ করতে চলেছে। সার্বিক চিকিৎসা পরিষেবার উন্নয়নের পাশাপাশি সুগার, প্রেশার, হৃদরোগ, ক্যান্সার, ডায়াবেটিসের মতো অসংক্রামক রোগব্যধি প্রতিরোধে এই টাকা বরাদ্দ করা হবে। স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগম জানিয়েছেন ইতিমধ্যেই বিশ্বব্যাঙ্ক এই অনুদান অনুমোদন করেছে। মন্ত্রিগোষ্ঠীর ছাড়পত্রও পাওয়া গিয়েছে। গ্রামীণ স্বাস্থ্য পরিষেবার আরও উন্নতিতে এই অর্থ খরচ করা হবে।

----------------------

লোকসভা ভোটের পর রাজ্য সরকার কলকাতার বিভিন্ন প্রান্তে থাকা জরাজীর্ণ সেতুগুলি সংস্কারের কাজে হাত দিচ্ছে। ধনধান্য সেতু, চেতলা সেতু, কালিঘাট সেতুর মত বেশ কয়েকটি সেতু সংস্কারের প্রয়োজনীতা উঠে এসেছে। সেগুলি সংস্কার করা বা প্রয়োজনে ভেঙে নতুন করে তৈরির পরামর্শ দিয়েছে বিশেষজ্ঞ সংস্থা। কলকাতা নগর উন্নয়ন কর্তৃপক্ষ কেএমডিএ-কে এই কাজে গতি আনার নির্দেশ দেওয়া হয়েছে। দ্রুত

দরপত্র আহ্বান করা হবে। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর যাতায়াতের পথে পড়া কালিঘাট সেতু ভেঙে নতুনভাবে তৈরির সুপারিশ করা হয়েছে।

----------------------

ডাক্তারি প্রবেশিকা বা নিট পরীক্ষার ফলাফলে কারচুপির অভিযোগ ওঠার প্রেক্ষিতে রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, মেডিকেল জয়েন্ট আয়োজনের ভার ফের রাজ্যকে ফিরিয়ে দেওয়ার দাবি জানিয়েছেন। আজ সংবাদমাধ্যমকে ব্রাত্য বাবু বলেন, কয়েক হাজার পরীক্ষার্থীর ভবিষ্যত্ নিয়ে খেলা করা হচ্ছে। এটা কেন্দ্রীয় সরকারের ব্যর্থতা। তিনি ইডি সিবিআই-কে দিয়ে তদন্ত করানোরও দাবি তুলেছেন।

----------------------

ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়মের মূল বৈশিষ্ট্যগুলি মানুষের সামনে তুলে ধরার লক্ষ্যে সরকার আগামীকাল কলকাতায় একটি আলোচনা চক্রের আয়োজন করছে। **ইন্ডিয়াজ প্রোগ্রেসিভ পাথ ইন দ্য অ্যাডমিনিস্ট্রেশন অফ ক্রিমিনাল জাস্টিস সিস্টেম** শীর্ষক এই সম্মেলনে সমাজে নানা স্তরের মানুষ অংশ নেবেন।

----------------------

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কিছু অংশ এবং হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গের বাকি অংশে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুর অগ্রগতির অনুকুল পরিস্থিতি তৈরি হয়েছে। এছাড়াও মধ্য উত্তরপ্রদেশ থেকে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন এলাকা হয়ে পূর্ব মেঘালয় পর্যন্ত একটি অক্ষরেখা বিস্তৃত রয়েছে। এছাড়াও বায়ুমন্ডলে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায় উত্তরবঙ্গের কয়েকটি জেলায় ভারি থেকে অতি ভারি বৃষ্টি চলবে। দক্ষিণবঙ্গের কয়েকটি

জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভবনা হলেও পশ্চিমের কয়েকটি জেলায় তাপপ্রবাহ জনিত পরিস্থিতি বজায় থাকবে। দক্ষিণবঙ্গের যে জেলাগুলিতে আজ ও আগামীকাল বৃষ্টির সম্ভাবনা রয়েছে, সেগুলি হল বীরভূম, পশ্চিম বর্ধমান, বাঁকুড়ার কিছু অংশ।

এদিকে আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৩০ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে তিন দশমিক ২ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, প্রায় ঢিগ্রি সেলসিয়াস।

-----------------------

সিকিম ও পাহাড়ের বিভিন্ন অংশে লাগাতার বৃষ্টির জেরে উত্তরবঙ্গে বন্যা পরিস্থিতি উদ্বেগজনক। বিপদসীমার কাছাকাছি বইছে তিস্তা। কালিম্পং-এর তিস্তা বাজার সহ নদীর নিম্ন অববাহিকা থেকে স্থানীয়দের সুরক্ষিত স্থানে নিয়ে যাওয়া হয়েছে। আজ সকালে গজলডোবার তিস্তা ব্যারেজ থেকে ছাড়া হয়েছে প্রায় ১১০০ কিউসেক জল। ব্যারেজে ৬ টি লকগেট খোলা রয়েছে বলে প্রশাসনিক সূত্রে খবর।

দার্জিলিং-এর সাসংদ রাজু বিস্তা আজ কালিম্পং জেলার তিস্তা বাজার এলাকা পরিদর্শনে যান। জিটিএ এবং রাজ্য সরকার ক্ষতিগ্রস্ত এলাকায় কাজ করছে না বলে তিনি অভিযোগ করেন।

এদিকে উত্তর সিকিমে টানা বৃষ্টিতে নতুন করে ছোট বড় ধস নামায় আটকে বহু পর্যটক। রাজ্য সরকার জানিয়েছে, বিপর্যয়ের জেরে প্রায় ১২০০ পর্যটক আটকে রয়েছেন। এদের অধিকাংশই পশ্চিমবঙ্গের। সেতু তলিয়ে যাওয়ার কারণে আরও কঠিন হয়ে পড়েছে উদ্ধারকাজ। সাহায্য চাওয়া হয়েছে ভারতীয় বায়ুসেনার। পাশাপাশি

পর্যটকরা যেসব হোটেল বা হোমস্টেতে রয়েছেন, তাদের সেখানেই নিরাপদে থাকার পরামর্শ দিয়েছে প্রশাসন।

সিকিমের রাস্তা বন্ধ থাকায় সমস্ত গাড়ি সেবক ও ওদলাবাড়ি, ডামডিং, গরুবাথান লাভা হয়ে সিকিম যাচ্ছে। ডুয়ার্স রুটে ট্রেন চলাচল করছে ধীর গতিতে।

প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত উত্তর সিকিমে আটকে পড়া পর্যটকদের সহায়তায় পশ্চিমবঙ্গ সরকার রঙপোয় একটি হেল্প ডেস্ক খুলেছে। বৃষ্টি ও ভূমি ধসের কারণে সেখানকার বিভিন্ন জায়গার প্রায় হাজার দেড়েক পর্যটক আটকে রয়েছেন। এর প্রেক্ষিতেই, কালিম্পং-এর জেলাশাসকের দপ্তর হেল্প ডেস্ক খোলার সিদ্ধান্ত নেন। ৮৭৬৮০-৯৫৮৮১ এবং ৯০৫১৪-৯৯০৯৬ নাম্বারে ফোন করে খোজ খবর নিতে পারবেন পর্যটক ও তাঁদের পরিবারের লোকেরা।

-----------------------

সমুদ্রে মাছ ধরার উপরে দীর্ঘ দুই মাসের নিষেধাজ্ঞা শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই দুই চব্বিশ পরগনার সুন্দরবন অংশের কয়েক হাজার মৎস্যজীবী ট্রলার নিয়ে আজ গভীর সমুদ্রে মাছ ধরার উদ্দেশ্যে রওনা হয়েছেন। ডায়মন্ডহারবার, কাকদ্বীপ, নামখানা, পাথরপ্রতিমা, রায়দিঘী, ফ্রেজারগঞ্জ থেকে প্রায় দুই হাজার ট্রলার আজ সমুদ্রে পাড়ি দিয়েছে বলে মৎস্য দপ্তর সূত্রে জানা গিয়েছে। এই দিকে আড়াইশো গ্রামের কম ওজনের খোকা ইলিশ ধরার উপরে দপ্তরের তরফে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। উল্লেখ্য প্রজননের কারণে গত ১৫ ই এপ্রিল থেকে সমুদ্রে মাছ ধরার উপরে নিষেধাজ্ঞা জারি ছিল।

-----------------------

বাইকে ওভারটেক করা নিয়ে গতরাতে একদল দুষ্কৃতী কিডস্ট্রীট ও পার্কস্ট্রীটের মোড়ে এলোপাথারি গুলি চালায়। এতে আহত একজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত করছে। গতকাল বিকেলে ওভারটেক করা নিয়ে বিবাদের জেরে এই গুলি চালোনা বলে জানা গেছে।

এদিকে, আজ দুপুরে কামারহাটির রথতলা মোড়ে একটি গাড়ি লক্ষ্য করে দুষ্কৃতীরা পরপর বেশ কয়েক রাউন্ড গুলি চালায়। ঐ গাড়িতে অজয় মন্ডল নামে আগরপাড়া এলাকার এক ব্যবসায়ী ছিলেন। পুলিশ সিসিটিভির ফুটেজ খতিয়ে দেখছে। একাধিকবার হুমকি দেওয়া হয়েছিল বলে ব্যবসায়ীর অভিযোগ। এখনও কেউ গ্রেপ্তার হয়নি।

----------------------

১৮ তম মুম্বাই আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সূচনা হলো আজ। চলবে এ মাসের একুশ তারিখ পর্যন্ত। মুম্বাই এর পাশাপাশি দিল্লি কলকাতা চেন্নাই পুনে এই শহরগুলিতে একযোগে এবারের উৎসব আয়োজিত হচ্ছে।

একটি প্রতিবেদন।

----------------------

বাংলা কবিতা সংকলন দেরাজে হলুদ ফুল, গত জন্ম-এর জন্য সুতপা চক্রবর্তী যুবা সাহিত্য অকাদেমি পুরস্কার পেয়েছেন। মহী দাদুর অ্যান্ডিডোট-উপন্যাসের জন্য বাল সাহিত্য পুরস্কার পেয়েছেন, দিপান্বিতা রায়। আজ সাহিত্য অকাদেমি পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করেন।

---------------------- ----------------------